মহেশপুর সীমান্তে মাদকদ্রব্য ও বাংলাদেশী নাগরিক আটক

ঝিণাইদহের মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ নিমতলা বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকার মেইন পিলার-৭৪/২-এস হতে বুধবার বিকাল আনুমানিক ২.১৫ মিনিটের সময় সীমান্তের ৬০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে রাঙ্গেরপোতা গ্রামের মাঠের ভুট্টা ক্ষেতের মধ্যে হতে নায়েব সুবেদার মোঃ একরামুল হক এর নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আসামী বিহীন ৩৬ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করা হয়।

অপরদিকে কুসুমপুর বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার-৬১/১৬-আর হতে বুধবার সন্ধ্যা আনুমানিক ৭.৩৫ মিনিটের সময় ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে চাপাতলা গ্রামের মোঃ রফিকুল ইসলাম এর গোলাপ বাগানের সামনে পাকা রাস্তার উপর নায়েব সুবেদার মোঃ আবুল হাসান খান এর নেতৃত্বে নিয়মিত টহল পরিচালনা করে বাংলাদেশী নাগরিক শিমুল মল্লিক (৪৭) নামের একজনকে আটক করে। আটককৃত ব্যক্তি চট্টগ্রাম জেলার রাউজান থানার ডাবুয়া গ্রামের অরুন মল্লিকের ছেলে জানান।

মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) সহকারী পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে বলেন, সিমান্তে পৃথক দুটি অভিযানে আসামীবিহীন ৩৬ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার ও বাংলাদেশী নাগরিক শিমুল মল্লিক নামের একজনকে আটক করা হয়। আটককৃত ব্যক্তিকে মহেশপুর থানায় সোপর্দ করা হয়েছে।

ঝিনাইদহে কৃষকদের বিনামূল্যে পাট বীজ ও সার বিতরণ

ঝিনাইদহ সদর উপজেলায় ৮’শত কৃষকের মাঝে বিনামূল্যে পাট বীজ ও সার বিতরণ করা হয়েছে। প্রণোদনা কর্মসূচির আওতায় পাটের উৎপাদন

বৃদ্ধির লক্ষ্যে বীজ ও সার বিতরণ করা হয়।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) সকালে সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসের সামনে এ সার ও বীজ বিতরণ করা হয়।

সদর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ নূর-এ-নবী’র সভাপতিত্বে বিতরণ কর্মসূচি উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী। সেসময় অতিরিক্ত কৃষি কর্মকর্তা মুহাম্মদ জুনাইদ হাবীবসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় সদর উপজেলার ৮’শত কৃষকের মাঝে জনপ্রতি ১ কেজি উন্নতজাতের পাটের বীজ, ৫ কেজি ডিএপি সার ও ৫ কেজি এমওপি সার বিতরণ করা হয়।

সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অফিস সূত্রে জানাযায়, এ নিয়ে ঝিনাইদহ সদর উপজেলায় মোট ৮’শ কেজি পাট বীজ ও ৮ মেট্রিক টন সার বিতরণ করা হয়েছে।

ঝিনাইদহে বিএনপি কর্মীকে কুপিয়ে জখম করেছে প্রতিপক্ষরা

ঝিনাইদহে বিএনপি কর্মী রিপন মোল্লা (৪০)কে চার হাত-পাসহ শরীরের বিভিন্নস্থানে নৃশংসভাবে কুপিয়ে মারাত্বক জখম করেছে প্রতিপক্ষরা।

মঙ্গলবার রাতে সদর উপজেলা রাজাপুর গ্রামের এ ঘটনা ঘটে। ঘটনাস্থল থেকে পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে প্রথমে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে।

অবস্থার অবনতি হলে ঢাকা পঙ্গু হাসপাতালে রেফার্ড করা হয়েছে। এ ঘটনায় আহতের মা নুরজাহান বেগম বাদী হয়ে ৪ জনের নাম উল্লেখ করে অজ্ঞাত আরো ৭/৮ জনের নামে সদর থানায় একটি মামলা দায়ের করেছেন। আহত রিপন সদর উপজেলার রাজাপুর গ্রামের মৃত আব্দুর রাজ্জাক মোল্লার ছেলে।

আহতের স্ত্রী ইসমতারা জানান, গ্রামে বিএনপির গ্রুপ পরিবর্তন নিয়ে

বিরোধের জের ধরে মঙ্গলবার রাত ১০টার দিকে আমার স্বামী রিপনকে বাড়ি থেকে ডেকে সদর উপজেলার রাজাপুর গ্রামের আবুল কাসেম বাদশার ছেলে হুমায়ন, মৃত রুস্তম বিশ্বাসের ছেলে আব্দুল করিম, মৃত শাহাজাহানের ছেলে মিঠুন ও বাড়িবাথান গ্রামের মতিয়ার রহমানের ছেলে হারুন ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করে ফেলে যায়। এ সময় তার শরীর ক্ষত-বিক্ষতসহ হাত-পা শরীর থেকে প্রায় বিছিন্ন হয়ে গেছে। তাকে মারাত্বক জখম অবস্থায় উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ও পরে ঢাকায় রেফার্ড করা হয়েছে।

এ ব্যাপারে জেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট এম এ মজিদ জানান, অপরাধ যেই করুন না কেন কাউকে ছাড় নেয়। যদি বিএনপির কেউ এঘটনার সাথে জড়িত থাকে তাহলে তার বিরুদ্ধে দল সাংগঠনিক ব্যবস্থা গ্রহন করবে।

এ তথ্য নিশ্চিত করে সদর থানার ওসি আব্দুল্লাহ আল-মামুন জানান, চারজনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরো ৭/৮জনের মামলা রেকর্ড করা হয়েছে। আশা করি খুব দ্রুত সময়ের মধ্যে আসামীদের পুলিশ ধরতে সক্ষম হবে।

কোটচাঁদপুরে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ

উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কোটচাঁদপুরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করেছেন স্থানীয় কৃষি অফিস।

বুধবার দুপুরে উপজেলা চত্বর থেকে এ সব সামগ্রী বিতরন করা হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, ২০২৪-২৫ অর্থবছরে খরিপ-১ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় উফশী আউশ ধান ও পাট ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার কাজী আনিসুল ইসলাম,কৃষি অফিসার জাহিদ হোসেন, অতিরিক্ত কৃষি অফিসার নাজমুল সাকিব, টিপু সুলতান।

এ বছর তিন হাজার ক্ষুদ্র ও প্রান্তিক চাষির মাঝে পাঁচ কেজি উফসি আউশ ধানের বীজ, দশ কেজি করে ডিওপি ও দশ কেজি এমওপি সার দেয়া হয়েছে।

এ ছাড়া দুইশ জন চাষির মাছে ১ কেজি করে পাট বীজ, ৫ কেজি করে ডিওপি ও পাঁচ কেজি করে এমওপি সার বিতরণ করা হয়।

হরিণাকুণ্ডুতে গণঅধিকার পরিষদের কর্মীসভা ও পৌর কমিটি গঠন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে গণঅধিকার পরিষদের পৌর শাখার আহবানে কর্মীসভা ও পৌর আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার (৮এপ্রিল) বিকালে সংগঠনটির পৌর শাখার কার্যালয়ে মকলেচুর রহমান টোকন মিয়ার সভাপতিত্বে ও সাইদুর রহমান এর সঞ্চালনায় এ কর্মীসভা অনুষ্ঠিত হয়।

পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে থেকে নেতা কর্মীরা এতে অংশগ্রহণ করেন। কর্মীসভা শেষে উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে মকলেচুর রহমান টোকন মিয়াকে আহ্বায়ক ও সাইদুর রহমানকে সদস্য সচিব করে ৩১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়।

নব-নির্বাচিত পৌর আহ্বায়ক ও সদস্য সচিব পৌর সম্মেলন সফল করার লক্ষ্যে সকল নেতা কর্মীদের কাধে কাধমিলিয়ে কাজ করার আহব্বান জানান।

এছাড়া পৌর গণঅধিকার পরিষদের আয়োজনে আগামী ২৬ এপ্রিলের জনসভা প্রাণবন্তসহ সফল করতে একযোগে কাজ করার জন্য পৌর এলাকা ও

উপজেলার আট ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের নেতাকর্মীদের আহব্বান জানান।

ইসরাইলি পণ্য বয়কটে ঝিনাইদহে ক্যাম্পেইন

ইসরাইলি সকল পণ্য বয়কটে ঝিনাইদহ সদর উপজেলার ৭ নং মহারাজপুর ইউনিয়নের সকল মুসলিম নাগরিকের পক্ষে বিষয়খালী বাজারে বিশেষ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বাদ মাগরিব বিষয়খালী শহীদ মোস্তফা স্কুল এন্ড কলেজ গেট থেকে এ বিশেষ ক্যাম্পেইন এশার আজান পর্যন্ত চালানো হয়। সেসময় বাজারের সকল ব্যবসায়ীদেরকে ইসরাইলি পণ্য বিক্রি না করার জন্য বিশেষ ভাবে আহ্বান করা হয়।

বিশেষ ক্যাম্পেইনে উপস্থিত ছিলেন বিষয়খালী শহীদ মোস্তফা স্কুল এন্ড কলেজের ধর্মীয় শিক্ষক মাওলানা শাহ মোহাম্মদ এনামুল হক ফয়েজী, বিশিষ্ট ব্যবসায়ী মাজেদুল ইসলাম মাজু, বিষয়খালী বাজার কেন্দ্রীয় জামে মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা আনিছুর রহমান, মিঞা অটো রাইস মিলের স্বত্বাধিকারী সাজেদুল ইসলাম সাজু মিঞা, সাংবাদিক বসির আহাম্মেদ, হাফেজ মাওলানা মুফতি আল-মামুন, ব্যবসায়ী দবির আলীসহ অসংখ্য ইউনিয়নের মুসলিম নাগরিকবৃন্দ।

ব্যবসায়ীদের উদ্দেশ্যে নেতৃবৃন্দ বলেন, দখলদার ইসরাইল নির্বিচারে ফিলিস্তিনের মুসলমানদের ওপর গণহত্যা চালাচ্ছে। বিশ্ব বিবেক আজ স্তব্ধ। বিশ্ব মুসলমান নেতৃত্ব কোনো ভূমিকা রাখছে না। ইসরাইলকে রুখতে প্রয়োজনে মার্কিন ও ইসরাইলের উৎপাদিত সকল পণ্য বয়কট করতে হবে।

আরও বলেন, প্রতিবাদের ভাষা হবে সংযত। সংঘাত সৃষ্টি করে প্রতিবাদ করার চেয়ে আমরা ইসরাইল ও মার্কিনী সকল পণ্য বয়কট করব। ইসরাইলের সন্ত্রাসী কর্মকান্ড রুখতে মুসলিম বিশ্বকে ঐক্যবদ্ধ হতে হবে।

কোটচাঁদপুর উপজেলা পরিষদের নতুন ভবনের গ্রীল কেটে চুরি

কোটচাঁদপুর উপজেলা পরিষদের নতুন ভবনের জানালার গ্রীল কেটে চুরির ঘটনা ঘটেছে। রোববার (৬ এপ্রিল) গভীর রাতে এই চুরির ঘটনা ঘটে।

জানা গেছে, রাত আনুমানিক ২টার দিকে লোডশেডিং চলাকালীন সময়ে চোরেরা উপজেলা পরিষদের নতুন ভবনের দুটি কক্ষের জানালার গ্রীল কেটে ভেতরে প্রবেশ করে। দুটি কক্ষের মধ্যে একটি উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কার্যালয়ের উপ-প্রশাসনিক কর্মকর্তার কক্ষ এবং অন্যটি উপজেলা চেয়ারম্যানের সিএর (ব্যক্তিগত সহকারী) কক্ষ।

চোরেরা ওই কক্ষ দুটির গুরুত্বপূর্ণ কাগজপত্র এলোমেলো করে এবং উপজেলা চেয়ারম্যানের সিএর কক্ষ থেকে একটি ল্যাপটপ চুরি করে নিয়ে যায়। তবে অন্যান্য কোনো গুরুত্বপূর্ণ জিনিস খোয়া যায়নি বলে জানিয়েছেন ইউএনও কার্যালয়ের উপ-প্রশাসনিক কর্মকর্তা ইন্দ্রজিৎ সাহা।

তিনি বলেন, “চোরেরা গ্রীল কেটে অফিসে ঢুকে কাগজপত্র তছনছ করেছে এবং একটি ল্যাপটপ নিয়ে গেছে। এ ঘটনায় থানায় অভিযোগ করা হয়েছে।”

কোটচাঁদপুর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) সাইদুর রহমান বলেন, “অভিযোগ পেয়েছি, তদন্ত শুরু করেছি। তদন্ত শেষে বিস্তারিত বলা যাবে।”

উল্লেখ্য, ওই রাতে উপজেলা পরিষদ চত্বরে ৪টি অফিসের ৪ জন নৈশপ্রহরী দায়িত্বে ছিলেন। তারা হলেন– নির্বাহী অফিসের ইযামিন হোসেন, প্রকৌশলী অফিসের মোসলেম হোসেন, নির্বাচন অফিসের হামিদ ও ‘একটি বাড়ি একটি খামার’ প্রকল্পের কাদের মিয়া।

এছাড়া, উপজেলা নির্বাহী কর্মকর্তার বাসভবনের সামনেও দায়িত্বে ছিলেন দুইজন আনসার সদস্য। এত নিরাপত্তার মধ্যেও চোরেরা নির্বিঘ্নে চুরি করে পালিয়ে যেতে পারায় উদ্বেগ ও প্রশ্ন দেখা দিয়েছে স্থানীয়দের মধ্যে।

ঝিনাইদহে বিশ্ব স্বাস্থ্য দিবস পালন

‘জন্ম হোক সুরক্ষিত, ভবিষ্যৎ হোক আলোকিত’ এ শ্লোগানে ঝিনাইদহে পালিত হয়েছে বিশ্ব স্বাস্থ্য দিবস। সিভিল সার্জন কার্যালয়ের আয়োজনে সোমবার সকালে সিভিল সার্জন অফিসের সামনে থেকে এ উপলক্ষে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সিভিল সার্জনের সম্মেলন কক্ষে দিবসটি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সেসময় সিভিল সার্জন ডা. মো: কামরুজ্জামানের সভাপতিত্বে বক্তব্য রাখেন, সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা. মোস্তাফিজুর রহমান, বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধি ডা: সাথী সাহা, সিভিল সার্জন অফিসের সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার আব্দুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, বিশ্ব স্বাস্থ্য দিবসের তাৎপর্য তুলে ধরে বলেন, দেশের প্রতিটি মানুষের জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সকলকে একযোগে কাজ করতে হবে। তারা বলেন, নিরাপদ মাতৃত্ব, শিশু স্বাস্থ্য ও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে একটি সুস্থ প্রজন্ম গড়ে তোলা সম্ভব।

আলোচনা সভায় বক্তারা আরও বলেন, স্বাস্থ্যখাতে সরকারের বিভিন্ন পদক্ষেপ সফল করতে জনসচেতনতা বৃদ্ধি এবং স্বাস্থ্যকর্মীদের আন্তরিক প্রচেষ্টা অপরিহার্য।

ঝিনাইদহে স্কুল শিক্ষকের বিরুদ্ধে সরকারি গাছ কাটার অভিযোগ

ঝিনাইদহ সদর উপজেলার ২নং মধুহাটি ইউনিয়নের চোরকোল গ্রামের পূর্বপাড়ায় রাস্তার পাশের প্রায় অর্ধলাখ টাকা মূল্যের একটি সরকারি গাছ কেটে বিক্রি করেছেন মামুন মল্লিক (৪০) নামে এক স্কুল শিক্ষক। তিনি ওই গ্রামের মৃত আব্দুল খালেকের ছেলে এবং সদর উপজেলার ১৬নং চন্ডীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক।

সরেজমিনে গিয়ে দেখা গেছে, এলজিইডি’র (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর) আওতায় নির্মিত সড়কের পাশে থাকা একটি বড় কড়াই গাছ কেটে বিক্রি করা হয়েছে। জানা গেছে, মামুন মল্লিক বন বিভাগ বা এলজিইডি থেকে কোনো অনুমতি না নিয়েই গাছটি কেটে ফেলেন। স্থানীয়রা বাধা দিলেও তিনি তাদের কথায় কর্ণপাত না করে গাছটি কেটে এক ব্যবসায়ীর কাছে বিক্রি করে দেন।

গ্রামবাসীরা জানান, পবিত্র ঈদুল ফিতরের ছুটির সুযোগ কাজে লাগিয়ে মামুন মল্লিক গাছটি কেটে ফেলেন। গাছটির বাজারমূল্য আনুমানিক অর্ধলাখ টাকা। নাম প্রকাশে অনিচ্ছুক এক স্থানীয় ব্যক্তি জানান, মামুন মল্লিক শুধু সরকারি গাছই নয়, সম্প্রতি একই গ্রামের গোলজার হোসেনের পৈত্রিক জমি থেকে প্রভাব খাটিয়ে জোরপূর্বক ৫০ হাজার টাকা মূল্যের একটি কড়াই গাছও কেটে নিয়েছেন। গোলজার হোসেন মামুনের ভয়ে এ বিষয়ে কোনো অভিযোগ করতে সাহস পাননি।

এমন কর্মকাণ্ডে স্থানীয়দের মধ্যে ব্যাপক ক্ষোভ বিরাজ করছে। সচেতন মহলের প্রশ্ন একজন শিক্ষক হয়ে কীভাবে সরকারি ও ব্যক্তিমালিকানাধীন জমির গাছ কেটে নেওয়া যায়?

স্থানীয় বাজার গোপালপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই মাজহারুল ইসলাম জানান, “৪ এপ্রিল সকালে এসিল্যান্ড স্যারের মাধ্যমে জানতে পারি যে চোরকোল গ্রামের মামুন মল্লিক সরকারী গাছ কেটে নিচ্ছেন। খবর পেয়ে ঘটনাস্থলে গেলে তিনি আমার কোনো কথায় কর্ণপাত না করে অসৌজন্যমূলক আচরণ করেন এবং বলেন, ‘আপনি কি আগের পুলিশ? কিসের এসিল্যান্ড? তাকে ফোন দেন, আমি কথা বলবো।’

এ বিষয়ে মামুন মল্লিকের সাথে মোবাইলে যোগাযোগ করা হলে তিনি এক সাংবাদিকের আত্মীয় পরিচয় দিয়ে বলেন, “আমি আমার পৈত্রিক জমি থেকে গাছ কেটেছি, এটি সরকারি রাস্তার গাছ নয়।” এরপর তিনি ফোনটি কেটে দেন।

এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস জানান, “সরকারি গাছ কেটে নেওয়া বা বিক্রি করার কোনো সুযোগ নেই। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।”

দেশ সংস্কারের আগে উপদেষ্টা পরিষদের সংস্কার করতে হবে-রাশেদ খাঁন

গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খাঁন বলেছেন, বর্তমান উপদেষ্টা পরিষদের মধ্যে আওয়ামী দোসররা ঘাঁপটি মেরে বসে আছে। উপদেষ্টাদের কেউ কেউ গণহত্যাকারী চিহ্নিত আওয়ামী লীগের নেতাকর্মীদের সেল্টার দিচ্ছে।

আদালত থেকে উপদেষ্টাদের ইশারায় ডামি এমপিরা জামিন পেয়েছে। প্রশাসনের গুরুত্বপূর্ণ জায়গা গুলোতে এখনো আওয়ামী দোসরদের দৌরাত্ম টিকে আছে। তাই, দেশ সংস্কারের আগে উপদেষ্টা পরিষদের সংস্কার জরুরি হয়ে পড়েছে।

শনিবার বেলা সাড়ে ১১টায় ঝিনাইদহ শহরের একটি রেস্টুরেন্টে আয়োজিত সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

আওয়ামী লীগের রাজনীতি নিষিদ্ধের দাবি জানিয়ে তিনি বলেন, হঠাৎ করে বিভিন্ন মাধ্যম থেকে এখন অন্তর্ভূক্তিমূলক নির্বাচনের দাবি উঠছে। এরা বিগত ১৭ বছরে অন্তর্ভূক্তিমূলক নির্বাচনের কথা একবারও বলেনি। বিদেশি মদদে তারা ইনিয়ে বিনিয়ে গণহত্যাকারী হাসিনা ও আওয়ামী লীগকে নির্বাচনে আনার পায়তারা করছে। কিন্তু ২৪ এর জুলাই বিপ্লবে নেতৃত্বদানকারী রাজনৈতিক দলগুলো সেই সুযোগ দেবে না। আমরা

কোনো ভাবেই আওয়ামী লীগ কে নির্বাচন করতে দেবো না। গণহত্যাকারী, দেশবিরোধী ফ্যাসিস্ট হাসিনাকে দেশে আর জায়গা দেয়া হবে না। ২৪ বিপ্লবে নেতৃত্বদানকারী ও অংশগ্রহণকারী দলগুলো নিয়েই অন্তর্ভুক্তিমূলক নির্বাচন হবে।

আওয়ামী শাসনামলের সমালোচনা করে তিনি বলেন, দেশের নির্বাচন ব্যবস্থাকে হাসিনা ধ্বংস করে দিয়েছে। শেখ মুজিব ৭২ এ বাকশাল কায়েম করে গণহত্যা চালিয়েছিল। হাসিনাও তার বাবার মতো একই ভাবে গণহত্যা চালিয়ে ছাত্র-জনতাকে শহিদ করেছে। কাজেই, গণহত্যাকারী হাসিনার ফাঁসি দিতেই হবে। আওয়ামী লীগ ও হাসিনার ব্যাপারে আমাদের জিরো টলারেন্স নীতি।

আওয়ামী দোসরদের আশ্রয় দেয়া হচ্ছে দাবি করে তিনি বলেন, আওয়ামী লীগের ডামি এমপিরা এখন নানা জায়গায় অর্থ বিলিয়ে আশ্রয় নিচ্ছে। অনেক নেতা মঞ্চে বড় বড় কথা বললেও তলে তলে আওয়ামী ডামি এমপিদের অর্থ নিয়ে তৃণমূলের গিয়ে রাজনীতি করছে। ডামি এমপি ও আওয়ামী দোসরদের যারা আশ্রয় প্রশ্রয় দিচ্ছে, তাদেরকে ছাড় দেয়া হবে না।

গণঅধিকার পরিষদ ঝিনাইদহ জেলা শাখার সভাপতি শাখাওয়াত হোসেনের সভাপতিত্বে মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক ইকবাল জাহিদ রাজন, কেন্দ্রীয় নেতা মাহমুদুল হাসান মিল্টন, পেশাজীবী অধিকার পরিষদের আহ্বায়ক রাসেল আহমেদ, ছাত্র অধিকার পরিষদের সভাপতি আব্দুল্লাহ আল মামুন, সাধারণ সম্পাদক রিহান হোসেন রায়হান, গোপালগঞ্জ বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ছাত্র অধিকার পরিষদের সদস্য সচিব সাইদুর রহমান, জেলা যুব অধিকার পরিষদের সভাপতি রকিবুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মিশন আলী প্রমুখ।